AME (ICT RD)
23.11.14

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৭.১৪-১৯৬

তারিখ : ২৩ নভেম্বর ২০১৪
০৯ অগ্রহায়ণ ১৪২১

# প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব আবু হেনা মোহাম্মদ তারেক ইকবাল (পরিচিতি নম্বর ০০১৫০০), নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, নোয়াখালী ২০১৩-১৪ অর্থবছরে কুমিল্লা-লালমাই-চাঁদপুর-লক্ষ্মীপুর-বেগমগঞ্জ সড়কের (আর-১৪০) চেইনেজ ১২৬+৪৭৫ হতে ১৩৭+৬৯৫ পর্যন্ত মোট ১১.২০ কিলোমিটার অংশে Double Bituminous Surface Treatment (DBST) কাজ করার জন্য পিএমপি (সড়ক) এর কর্মসূচিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব অনুমোদনের জন্য নোয়াখালী সড়ক সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী সুপারিশ করেন। সড়কটি পিএমপি (সড়ক)-এর কর্মসূচিতে অন্তর্ভুক্তির পর প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক গত ১৭.০২.২০১৪ তারিখ ৯৭৯ সংখ্যক স্মারকে দরপত্র মূল্যায়ণ প্রস্তাব অনুমোদনের জন্য সড়ক বিভাগে প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে সড়কটির প্রাক্কলনের যথার্থতা যাচাই করার নিমিত্ত সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার জন্য সড়ক বিভাগ এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে ২৪.০২.২০১৪ তারিখের ৮০ সংখ্যক অফিস আদেশের মাধ্যমে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠণ করা হয়। তদন্ত কমিটি সরেজমিন পরিদর্শনপূর্বক উক্ত সড়কে DBST কাজ করার আদৌ প্রয়োজন নেই মর্মে প্রতিবেদনে উল্লেখ করে;

এবং

যেহেতু, ২০১২ সালে প্রকাশিত HDM রিপোর্ট অনুযায়ী উক্ত সড়কের চেইনেজ ১২৬+৪৭৫ হতে ১৩১+২৭০ পর্যন্ত অংশে কোন কাজ করার সুপারিশ ছিল না বিধায় প্রতিয়মান হয় যে, উক্ত সড়কটিকে পিএমপি (সড়ক) এর কর্মসূচিতে অন্তর্ভুক্তির প্রস্তাবকালে HDM রিপোর্ট বিবেচনায় নেয়া হয়নি;

এবং

যেহেতু, সার্বিকভাবে সড়কটির অবস্থা ভাল এবং সড়কটিতে DBST কাজ করার প্রয়োজন না থাকা সত্ত্বেও ২০১৩-১৪ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় কাজ করার অনুমোদনের জন্য সুপারিশ করে আপনি সরকারি ২,১৭,৪৬,৬৫৭.৯৯ (দুই কোটি সতের লক্ষ ছেচল্লিশ হাজার ছয়শত সাতান্ন টাকা নিরানব্বই পয়সা) টাকা অনৈতিকভাবে অপচয় ও আত্মসাৎ করার চেষ্টা করেছেন;

এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ ও বিধি ৩ (ডি) অনুযায়ী দুর্নীতিপরায়ণতা হওয়ায় বিভাগীয় মামলা নম্বর ০৯/২০১৪ রুজু করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, আপনি গত ০৭-০৮-২০১৪ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ০৯-১০-২০১৪ তারিখে আপনার শুনানী গ্রহণ করা হয়;

*চলমান পাতা-২*

এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন (মনিটরিং টিমের), লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত জবানবন্দী ও আনুষঙ্গিক প্রেক্ষাপট পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, আপনার বিরুদ্ধে উত্থাপিত অসদাচরণ ও দুর্নীতিপরায়নতার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

এবং

এক্ষণে, সার্বিক বিবেচনায় জনাব আবু হেনা মোহাম্মদ তারেক ইকবাল (পরিচিতি নম্বর ০০১৫০০), নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, নোয়াখালী-কে বিভাগীয় মামলা নম্বর ০৯/২০১৪ হতে অব্যাহতি প্রদান করা হল। তবে আপনাকে আরো সতর্কতার সাথে সরকারি দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করে ভবিষ্যতের জন্য সতর্ক করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৭.১৪-১৯৬/১(১৪)

তারিখ : ২৩ নভেম্বর ২০১৪ / ০৯ অগ্রহায়ণ ১৪২১

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৫. ভারপ্রাপ্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)।**
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)।**
১০. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।**
১১. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. জনাব আবু হেনা মোহাম্মদ তারেক ইকবাল (পরিচিতি নম্বর ০০১৫০০), নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, নোয়াখালী।
১৩. সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।**
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

২৩.১১.১৪

(রওশন আরা বেগম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৫৫১৯